# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

**শ্রেণি- চতুর্থ**

**বিষয়- বাংলা**

**গদ্য - তোত্তোচানের অ্যাডভেঞ্চার(প্রথম অংশ)**

**লেখিকা- তেৎসুকো কুরোয়ানাগি**

**প্রকৃতি - শিক্ষামূলক**

**(বই থেকে লেখিকা পরিচিতি, শব্দার্থ গুলো মন দিয়ে পড়বে এবং গদ্যটি সরব পাঠ করবে)**

## সারমর্ম:

ছোট্ট একটি জাপানি মেয়ে তোত্তোচান। তোমোই-তে অর্থাৎ তার স্কুল চত্বরে প্রত্যেক ছেলেমেয়েদের একটা করে দখল করা গাছ ছিল। সেই গাছে অন্য কেউ চড়তে গেলে তাকে বিনীতভাবে অনুরোধ করতে হতো। কুহনবুৎসুর দিকে যে রাস্তা চলে গেছে তার পাশেই ছিল তোত্তোচানের গাছ। গ্রীষ্মের ছুটিতে সে ইয়াসুয়াকিচানকে তার গাছে চড়ার আমন্ত্রণ জানিয়েছিল। পোলিও আক্রান্ত হওয়ায় তার কোনো গাছ ছিল না, তাই তার পক্ষে গাছে চড়ার কাজটা ছিল প্রায় অসম্ভব। তাই দুজনেই বাড়িতে এর সম্পর্কে কিছুই জানায় না। কিন্তু ইয়াসুয়াকিচানের প্রবল ইচ্ছা থাকা সত্ত্বেও মই দিয়ে সে এক ধাপও গাছে চড়তে পারে না। অনেক কষ্ট সহ্য করে, জীবনের অসম্ভব ঝুঁকি নিয়ে শেষ পর্যন্ত তোত্তোচান তাকে নিজের গাছে তুলতে সক্ষম হয়। এই ঘটনায় তাদের প্রাণ সংশয়ের আশঙ্কা থাকলেও, সমস্ত বাধা বিপত্তি তুচ্ছ করে প্রকৃত বন্ধুর মত তোত্তোচান বন্ধুকে উৎসাহ যুগিয়েছে, পাশে থেকেছে এবং শিখিয়েছে একজন প্রকৃত বন্ধুর কর্তব্য।

**১। পূর্ণ বাক্যে উত্তর দাও।**

ক) তোত্তোচান কে?
খ) তোমোই কী?
গ) স্কুল চত্বরে থাকা গাছগুলোকে ছেলে মেয়েরা কি বলে মনে করত?
ঘ) তোত্তোচান কাকে তার গাছে চড়ার নিমন্ত্রণ করেছিল?
ঙ) ইয়াসুয়াকিচানের নিজের গাছ ছিল না কেন?
চ) গাছে চড়ার কথা তারা অন্য কাউকে বলেনি কেন?
ছ) স্কুলে আসার আগে তোত্তোচান কাকে একমাত্র সত্যি কথাটা বলেছিল?
জ) ইয়াসুয়াকিচান মনমরা হয়ে গিয়েছিল কেন?
ঝ) তোত্তোচান দারোয়ানের ঘর থেকে কি নিয়ে এসেছিল গাছে ওঠার জন্য?

**২। নিচের প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও।**

ক) "ও মায়ের মুখের দিকে তাকাতে পারছিল না।"

i) কে এবং কেন মায়ের মুখের দিকে তাকাতে পারছিল না?

উ:-তেৎসুকো কুরোয়ানাগি রচিত তোত্তোচানের অ্যাডভেঞ্চার গল্পে তোত্তোচান মায়ের মুখের দিকে তাকাতে পারছিলনা। পোলিও আক্রান্ত ইয়াসুয়াকিচানকে নিজের গেছে চড়ার নিমন্ত্রণের বিপদজ্জনক কথা তোত্তোচান মাকে বলতে পারেনি। কারণ সে জানতো যে এই কথা জানলে তার মা তাকে বাধা দিতেন। পরিবর্তে মাকে মিথ্যে কথা বলায় লজ্জায় সে মায়ের দিকে তাকাতে পারছিল না, এবং যাতে ধরা না পড়ে যায় তাই সে জুতোর ফিতের দিকে তাকিয়ে ছিল।

ii) সে মাকে কি বলেছিল?

উ:- তোত্তোচান মাকে বলেছিল যে সে ডেনেনচফু-তে ইয়াসুয়াকিচানের বাড়িতে যাচ্ছে।

খ) "কাজটা যতটা সহজ মনে করেছিল, ততটা সহজ হবে না।"

i) এখানে কোন কাজের কথা বলা হয়েছে?

উ:--তেৎসুকো কুরোয়ানাগি রচিত তোত্তোচানের অ্যাডভেঞ্চার গল্পের অংশে গাছে চড়ার কথা বলা হয়েছে।

ii) কেন কাজটা সহজ ভাবে হলো না?

উ:- তোত্তো-চান ভেবেছিল খুব সহজেই ইয়াসুয়াকিচান মই বেয়ে গাছে উঠে আসতে পারবে।কিন্তু পোলিও আক্রান্ত ইয়াসুয়াকিচানের হাত-পাগুলো এতই দুর্বল ছিল যে সে এক ধাপও উঠতে পারেনি। তখন তোত্তোচান তাকে নীচ দিয়ে ঠেলে তুলে দেবার চেষ্টা করলেও তার মতো ছোটখাটো চেহারার মানুষের পক্ষে সেটাও ছিল কষ্টকর।এমনকি মইটা কেও সোজা করে রাখা যাচ্ছিল না। তাই হতাশ তোত্তোচান উপলব্ধি করেছিল যে কাজটা যতটা সহজ ভেবেছিল ততটা সহজ নয়।

**বিঃদ্রঃ**

- **ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।**
- **নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।**
- **আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।**

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।